গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০
www.jati.gov.bd

স্মারক নংঃ ১০.০৬.০০০০.০০২.২২.০১৭.১৭(অংশ-২).১১৬৮ তারিখঃ ০৬/০৮/২০২৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২৭তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ

সূত্র ঃ আইন ও বিচার বিভাগের স্মারক নং ১০.০০.০০০০.০০০.১৫১.২৯.০০২.২৫.০২, তারিখঃ ২৪ জুলাই, ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত জানানো যাচ্ছে যে, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটে আগামী ০৯/০৮/২০২৫ হতে ১৩/০৮/২০২৫ তারিখ পর্যন্ত ০৫(পাঁচ)দিন ব্যাপী জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজগণের জন্য আয়োজিত ২৭ তম বিচার প্রশাসন প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হতে যাচ্ছে। কোর্সে অংশগ্রহণের প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত বিষয়াবলীর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছেঃ

১. প্রশিক্ষণার্থীগণ কর্তৃক দো-তরফা সূত্রে নিষ্পত্তিকৃত নিম্নবর্ণিত ৫ ধরনের মামলার রায়ের ফটোকপি (বাঁধাইকৃত) সাথে করে আনতে হবে। মামলার রায়ের ধরনসমূহঃ
   - হত্যা মামলার রায়ের কপি;
   - সিভিল আপীলের রায়ের কপি;
   - ক্রিমিনাল আপীলের রায়ের কপি;
   - সিভিল রিভিশনের রায়ের কপি;
   - ক্রিমিনাল রিভিশনের রায়ের কপি

২. কোর্সে অংশগ্রহণের জন্য যারা বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনে রাতে থাকবেন, তাদের জন্য আগামী ০৮ আগস্ট ২০২৫ শুক্রবার অপরাহ্ন ৩.০০ ঘটিকা হতে ইনস্টিটিউটের ডরমিটরী উন্মুক্ত থাকবে। ভবনের নীচ তলার রিসিপশানে রিপোর্ট করে রুমের চাবি সংগ্রহ করতে হবে;

৩. সকল প্রশিক্ষণার্থীকে সদ্য তোলা ০২কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সাথে করে আনতে হবে এবং তা ইনস্টিটিউটে জমা দিতে হবে;

৪. প্রশিক্ষণার্থীগণকে আগামী ০৮/০৮/২০২৫ তারিখ, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে;

৫. প্রশিক্ষণকালে প্রতি প্রশিক্ষণার্থী দৈনিক ৬০০ (ছয়শত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্ত হবেন। প্রত্যেক প্রশিক্ষণার্থী নিজ নিজ কর্মস্থল থেকে প্রশিক্ষণ কোর্সে যোগদান ও প্রশিক্ষণ শেষে কর্মস্থলে যোগদান কার্যক্রমের জন্য যাতায়াত ভাতা (দৈনিক ভাতা ব্যতীত) প্রাপ্য হবেন;

৬. প্রশিক্ষণার্থীগণ নিজ উদ্যোগে আগ্রহী অংশগ্রহণকারীদের সমন্বয়ে মেস কমিটি গঠন ও পরিচালনা করবেন, তবে যদি প্রশিক্ষণার্থীগণ মেস কমিটি গঠনে অনাগ্রহী হন, **JATI** প্রশাসন শাখা কোর্স চলাকালীনে প্রতি দিনের খাবার ও সকালের নাস্তা সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা খাতে বরাদ্দকৃত টাকা থেকে নির্বাহ করবে। এই অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করে প্রশিক্ষণার্থীগণকে প্রদান করা হবে।

৭. ইনস্টিটিউট কর্তৃক প্রণীত প্রশিক্ষণ চলাকালীন অনুসরণীয় নিয়ামাবলী অনুসরণে কোর্সটি পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীগণকে কোর্স চলাকালে অনুসরণীয় নিয়মাবলী মেনে চলার জন্য অনুরোধ করা হলো। কোনো প্রশিক্ষণার্থী এর ব্যত্যয় ঘটালে বিধি মোতাবেক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৮. প্রশিক্ষণার্থীগণকে তাঁদের ব্যাংক একাউন্ট নং, ক্রেডিট কার্ড নং, এটিএম কার্ডের পাসওয়ার্ডসহ অন্য কোনো ব্যক্তিগত তথ্য ইনস্টিটিউটের কোনো কর্মচারীর সাথে শেয়ার না করার পরামর্শ দেওয়া হলো।

৯. প্রশিক্ষণার্থীগণের ব্যক্তিগত ল্যাপটপ সঙ্গে আনার বিষয়টি ঐচ্ছিক।

১০. প্রশিক্ষণ সংক্রান্ত অন্য কোনো তথ্য জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব ড. মোকশেদা আসগার, উপ-পরিচালক (প্রশিক্ষণ)(অতিরিক্ত জেলা ও দায়রা জজ) মোবাইল নং ০১৭১৬-৫৮৩১৯৫ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ সাব্বির ফয়েজ)
পরিচালক (প্রশিক্ষণ)
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
ফোন নং-০২-৪১০৫৩৪৮৭ (অফিস)